

দীপ নিভিয়াছে ঝড়ে, জেগে আছে মোর আঁখি
কে যেন কহিছে কেঁদে মোর বুকে মুখ রাখি
পথিক এসেছ নাকি ॥
হারিয়ে গিয়াছে চাঁদ জল-ভরা কালো মেঘে,
আঁচলে লুকায় ফুল বাতায়নে আছি জেগে,
শূন্য গগনে দেয়া কহিতেছে যেন ডাকি
পথিক এসেছ নাকি ॥
ভাঙিয়া দুয়ার মম কাড়িয়া লইতে মোরে,
এলে কি ভিখারী ওগো প্রলয়ের রূপ ধরে
ফুরাইয়া যায় বণধু শুভ লগনের বেলা
আন আন স্বরা করি ওপারে যাবার ভেলা।
পিয়া পিয়া বলে বনে ঝুরিছে পাপিয়া পাখি।
পথিক এসেছ নাকি ॥